



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)

স্মারকনং : বশিবো/কলেজ/অনু: ২০২৩/ ১৩ ৬৬

তারিখ : ০২.১১.২০২৩


সূত্র : আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় কমিটির সভা

বিষয় : ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অন-লাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পর্কিত বিজ্ঞপ্তি।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অন-লাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম আগামী ১২.১১.২০২৩ তারিখ পর্যন্ত চলবে। এ প্রেক্ষিতে বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয়/কলেজ পর্যায়ের প্রতিষ্ঠান প্রধান মহোদয়কে ওয়েবসাইট ([www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)) এর (College Login) প্যানেলে ঢুকে রেজিস্ট্রেশন কার্যক্রমটি সঠিকভাবে সম্পন্ন করার জন্য বলা হলো।

রেজিস্ট্রেশন কার্যক্রমটি সঠিকভাবে সম্পন্ন করার পদ্ধতি -

০১. ভর্তি ওয়েবসাইট [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd) অপশনে ঢুকতে হবে।
০২. ভর্তি ওয়েবসাইটের প্রথম পেইজের ডান দিকে "রেজিস্ট্রেশন" অপশনটি দেখা যায়। সেখানে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজের EIdN এবং Password চাইবে। সঠিকভাবে সেখানে EIdN এবং PAssword প্লেস করলে কলেজের ভর্তি সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। সবিশেষ, যে সমস্ত কলেজ ২০২৩ খ্রি. পাঠদানের অনুমোদন পেয়েছে - তাদের এই বিষয়টি সম্পর্কে যে কোন অস্পষ্টতার জন্য শিক্ষাবোর্ডের কলেজ পরিদর্শক মহোদয়ের কার্যালয়ে যোগাযোগ করার জন্য বলা হলো।
০৩. রেজিস্ট্রেশনের এই প্রক্রিয়ার সাথে শিক্ষার্থীদের সাবজেক্ট চয়েজ এবং সঠিকভাবে নাম ও অন্যান্য তথ্যাদি প্রদান জড়িত। এ প্রেক্ষিতে যাতে সামগ্রিক তথ্যাদি সঠিকভাবে ভর্তি ওয়েবসাইটে আসতে পারে - এ ব্যাপারে সকল প্রতিষ্ঠান প্রধানের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

 ০২/১১/২৩

প্রফেসর আ.ফ.ম বাহরুল আলম (৭০৬৫)

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল।